দৈনিক বাংলা

16

তারিখ 0 8 MAR 1992
পৃষ্ঠা ৮ কলাম ৫

৭

# এইচএসসি পরীক্ষা পিছানো হবে না ঃ প্রেসনোট

শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়, এক শ্রেণীর পত্র-পত্রিকায় এইচএসসি পরীক্ষা পিছানোর ব্যাপারে শিক্ষামন্ত্রী ছাত্রদের আশ্বাস দিয়েছেন বলে যে সংবাদ প্রকাশিত হয়েছে তার প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংবাদটি উদ্দেশ্যপ্রণোদিত, বিভ্রান্তিকর ও ভিত্তিহীন। শিক্ষামন্ত্রী এইচএসসি পরীক্ষা পিছানোর ব্যাপারে কোন আশ্বাস দেননি।

এইচএসসি পরীক্ষা পিছানো হলে দরিদ্র অভিভাবকদের জন্য তা অর্থনৈতিক চাপ ও সেশন জটের সৃষ্টি করবে বলে সরকার মনে করেন। এ জন্য এইচএসসি

আটের পাতায় ২ কঃ দ্রঃ

## এইচএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

পরীক্ষা পিছানোর কোন চিন্তা সরকারের নেই। সরকার আরো মনে করেন যে, যেহেতু এইচএসসি পরীক্ষা আগামী ২৫ জুন তারিখ থেকে অনুষ্ঠিত হবে সেহেতু পরীক্ষার্থীদের প্রস্তুতি নেয়ার যথেষ্ট সময় রয়েছে।

সরকার আশা করেন যে, সংশ্লিষ্ট সকল মহল নির্ধারিত সময়ে এইচএসসি পরীক্ষা গ্রহণের ব্যাপারে সরকারকে প্রয়োজনীয় সহযোগিতা দেবেন।